গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়
রংপুর

স্মারক নং :-২৪.০৬.৮৫০০.০৩২.০৯.০৩৪.১৫ 922 তাং:-২৭/১১/২২

# নোটিশ

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে স্টেক হোল্ডারগনের সমন্বয়ে অবহিতকরন সভা ।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরের " বার্ষিক কর্মসম্পাদন চুক্তি " ( A P A ) এর কর্মপরিকল্পনা ( ২য় কোয়ার্টার ) বাস্তবায়নের নিমিত্তে শুদ্ধাচার বিষয়ে আগামী ০১-১২-২২ ইং তারিখ বেলা ২.০০ ঘটিকায় উপপরিচালক , আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় , রংপুর এর সভাপতিত্বে আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় , রংপুর এ স্টেকহোল্ডার গনের সমন্বয়ে অবহিতকরন সভা অনুষ্ঠিত হবে । সভায় সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ বিধি মেনে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

27/11/22

( মো : মাহবুব-উল-হক )
উপ পরিচালক
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়
রংপুর।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

১। সচিবের একান্ত সচিব , সচিব , বস্ত্র ও পাট মন্ত্রণালয় ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য )

২। পরিচালক ( অর্থ ও পরিকল্পনা )/ ( প্রশাসন ) / ( সম্প্রসারণ ) / ( উৎপাদন ও বিপণন ) / ( গবেষষণা ও প্রশিক্ষণ ) , বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড , রাজশাহী ।

৩।মো : নাসির উদ্দিন , সহকারী পরিচালক ( মনিটরিং ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা , সিটিজেনস্ চার্টার , বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড , রাজশাহী ( উক্ত সভায় উপস্থিত থাকবেন )।

৪। মোহাম্মদ সাইফুল্লাহ , হিসাবরক্ষণ কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা , সিটিজেনস্ চার্টার , বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড , রাজশাহী ( উক্ত সভায় উপস্থিত থাকবেন )।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়
রংপুর

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থ বছরের ২য় কোয়াটারের ১/১২/২২ তারিখ অনুষ্ঠিত স্টেক হোল্ডার সভার কার্যবিবরনী।

সভাপতি : মো: মাহবুব-উল হক , উপ পরিচালক ,আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়।

সভার স্থান : আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়ের সভাকক্ষ।

তারিখ ও সময় : ০১-১২-২০২২ দুপুর : ২.০০ টা

সভায় উপস্থিত কর্মকর্তা / কর্মচারীদের তালিকা : পরিশিষ্ট : " ক "

প্রথমে সভায় প্রধান অতিথী জনাব মোহাম্মাদ এমদাদুল বারী , পরিচালক (প্রশাসন) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ,রাজশাহী এবং বিশেষ অতিথী জনাব মো: নাসির উদ্দিন উপ প্রধান কর্মকর্তা ( উৎপাদন ওবিপণন ) ,বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ,রাজশাহী ও জনাব মো: সাইফুল্লাহ হিসাব রক্ষন কর্মকর্তা বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ,রাজশাহী আসন গ্রহন করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২২-২৩ অর্থ বছরের ২য় কোয়াটারের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রত্যেকটি সূচকের মান বাস্তবায়নকারী ও প্রমানকের বিষয় বিস্তারিত আলোচনা করেন। সভায় প্রধান অতিথী অবহিত করেন যে , ২য় কোয়াটারের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রত্যেকটি বিষয়ে যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন প্রতিবেদনসহ প্রমানক যথা সময় প্রশাসন বিভাগে প্রেরন করতে হবে। সভাপতি সভায় নিমোক্ত বিষয় সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন।

১/সেবা প্রদান প্রতিশ্রুতি :সভাপতি মহাদয় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বলেন ,রেশম চাষীদের আর্থ সামাজিক উন্নয়নে রেশম বোর্ড নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। সাংসারিক কাজের পাশাপাশি বাড়তি আয়ের জন্য পলুঘর প্রদান ,সময়মত তুতচারা প্রদান ,ডিম সরবরাহ ন্যায্যমুল্য গুটি ক্রয় ও ক্রয়কৃত গুটির মুল্য রকেট বা ডাচ বাংলা ব্যাংকের মাধ্যমে আপনাদের একাউন্টে সরাসরি পরিশোধ করা হচ্ছে ।ভবিষ্যতে চাষীদের দক্ষ তা বৃদ্ধির জন্য প্রশিক্ষ ন সহ অন্যান সেবা প্রদান অব্যহত থাকবে।
২/ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা : সেবা গ্রহিতা দের রেশম চাষ সংক্রান্ত সহ অন্যান যে কোন ধরনের অভিযোগ থাকলে তা কতৃপক্ষকে জানানোর জন্য আলোচনা করা হয়। অভিযোগ দাখিল করলে অভিযোগ প্রতিকার ব্যবস্থা গ্রহনের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা অভিযোগ প্রতিকারের ব্য বস্থা নিবেন। এখন থেকে অভিযোগ থাকলে তা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

৩।তথ্য অধিকার আইন : তথ্য অধিকার বিষয়ে সভায় বিস্তারত আলোচনা হয়। কেউ স্বপ্রনোদিত হয়ে কোন তথ্য জানতে চাইলে তা তথ্য অধিকার আইন কর্তৃপক্ষের মাধ্যমে জানার সুযোগ আছে। ত্রৈইমাসিক ভিত্তিতে সব তথ্য ও সেবা সম্পর্কে ওয়েব সাইটে হালনাগাদ করতে হবে।

৪।বিবিধ:রেশম চাষীদের উদ্দেশ্যে সভাপতি মহোদয় বলেন বাল্যবিবাহ , যৌতুক প্রথা থেকে আমাদের দুরে থাকতে হবে। সমাজে অনিষ্ট হয় এমন কাজ করা যাবেনা।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

( মো : মাহবুব-উল-হক )
উপ পরিচালক
আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়
রংপুর।

# শুদ্ধাচার সম্পর্কিত বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীর সাক্ষর:

| ক্র:নং | নাম ও পদবী | সাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মো : মাহবুব – উল হক ,উপ পরিচালক , আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় । | | |
| ২ | মো : সহিদুল ইসলাম , হিসাব রক্ষক , আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় । | | |
| ৩ | মো : লুৎফর রহমান , ফার্ম ম্যানেজার ,রংপুর রেশম বীজাগার রংপুর । | | |
| ৪ | মো: হাসিবুল ইসলাম ,ম্যানেজার সম্প্র: রংপুর সদর কেন্দ্র ও বড়বাড়ী কেন্দ্র । | | |
| ৫ | মো: রেজাউল করিম , ম্যানেজার সম্প্র: সৈয়দপুর ও তারাগঞ্জ কেন্দ্র । | | |
| ৬ | মো : জয়নাল আবেদীন , ম্যানেজার সম্প্র: সুন্দরগঞ্জ কেন্দ্র । | | |
| ৭ | মো : স্বপন বাবু , ,ম্যানেজার সম্প্র: ~~নাগেশ্বরী~~ ফুলবাড়ী কেন্দ্র । | | |
| ৮ | মো : মুকুল হোসেন সরকার , ফার্ম ম্যানেজার , বগুড়া রেশম বীজাগার , বগুড়া । | | |
| ৯ | মো : আহসানুল হক , ম্যানেজার সম্প্র: , বগুড়া | | |
| ১০ | মো : মহসিন আলী , সহকারী হিসাব রক্ষক , জোনাল রেশম সম্প্র: কার্যালয় , বগুড়া । | | |
| ১১ | মো : আজিজুল হক খান , ম্যানেজার সম্প্র: , পাঁচবিবি | | |
| ১২ | মো : নুরুল হুদা , দিনাজপুর রেশম বীজাগার , দিনাজপুর | | |
| ১৩ | মো : রুহুল আমীন , সদর ম্যানেজার , ঠাকুরগাঁও । | | |
| ১৪ | মো : আব্দুল মান্নান , ম্যানেজার সম্প্র: সাদামহল , ঠাকুরগাঁও। | | |
| ১৫ | মো : কামরুল আহসান নয়ন ,বীরগঞ্জ সম্প্র: ম্যানেজার , ঠাকুরগাঁও | | |
| ১৬ | মোছা : শামছুন্নাহার বেগম ,অফিস সহকারী ,আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় । | | |
| ১৭ | পারভীন খাতুন , অফিস সহকারী , আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় | | |
| ১৮ | সুবর্না আক্তার , কম্পিউটার অপারেটর , আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় | | |
| ১৯ | মো: আমিনুল ইসলাম ,মাঠকর্মী ,রংপুর সদর কেন্দ্র । | | |
| ২০ | মোছা : জিন্নাত আরা মুন্নি ,চাষাবাদ সহকারী , রংপুর রেশম বীজাগার , রংপুর । | | |
| ২১ | মোছা: জুলিয়া সুলতানা , কম্পিউটার অপারেটর,জোনাল রেশম সম্প্র: কার্যালয় , বগুড়া । | | |

**ইং তারিখে শুদ্ধাচার কৌশল সম্পর্কিতস্টেক হোল্ডার গনের উপস্থিতিতে ~~সেবা প্রদান~~ অবহিতকরণ ~~প্রতিশ্রুতি~~ সভায় উপস্থিত কর্মকর্তার সাক্ষর :**

| ক্র:নং | নাম ও পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মোহাম্মদ এমদাদুল বারী , পরিচালক ( প্রশাসন ) , বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড , রাজশাহী | ০১/১২/২২ | |
| ২ | মো: নাসির উদ্দিন , উপ প্রধান কর্মকর্তা ( উৎপাদন ও বিপনন) , বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড , রাজশাহী | 02/12/2022 | |
| ৩ | মো: সাইফুল্লাহ , হিসাব রক্ষণ কর্মকর্তা , বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড , রাজশাহী | | |
| ৪ | | | |

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ০১-১২-২০২২ তারিখ অনুষ্ঠিত স্টেক হোল্ডার সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ**




(মোঃ মাহবুব-উল-হক)
উপ-পরিচালক
আঞ্চলিক ... কার্যালয়

